



# বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

৮/সি, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।

[www.bteb.gov.bd](http://www.bteb.gov.bd)



স্মারক নং-৫৭.১৭.০০০০.২০১.০১৮.২৩-৯৬

তারিখ: ১৩ কার্তিক, ১৪৩০ বঙ্গাব্দ  
২৯ অক্টোবর, ২০২৩খ্রি.

## সরকারি প্রতিষ্ঠানসমূহের ৬ষ্ঠ ও পরবর্তি পর্যায়ের ভর্তি ফলাফল ও নিশ্চায়ন বিষয়ক বিজ্ঞপ্তি

চেয়ারম্যান মহোদয়ের অনুমোদনক্রমে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের আওতাধীন ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে ০৪ (চার) বছর মেয়াদি ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং, ডিপ্লোমা-ইন-টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং, ডিপ্লোমা-ইন-মেরিন ইঞ্জিনিয়ারিং, ডিপ্লোমা-ইন-এগ্রিকালচার, ডিপ্লোমা-ইন-ফরেস্ট্রি, ডিপ্লোমা-ইন-ফিশারিজ, ডিপ্লোমা-ইন-লাইভস্টক শিক্ষাক্রমের সরকারি প্রতিষ্ঠানসমূহে ৬ষ্ঠ, ৭ম ও ৮ম পর্যায়ের ফলাফল যথাক্রমে ০২/১১/২০২৩খ্রি., ০৪/১১/২০২৩খ্রি. ও ০৮/১১/২০২৩খ্রি. সকাল ৯.০০ ঘটিকায় প্রকাশিত হবে। শুধু নির্বাচিত শিক্ষার্থীদের মোবাইলে এসএমএস প্রদান করা হবে। এছাড়া আবেদনকৃত শিক্ষার্থী [www.btebadmission.gov.bd](http://www.btebadmission.gov.bd) ওয়েবসাইটে প্রবেশের পর VIEW RESULT বাটনে ক্লিক করে রোল নম্বরসহ প্রয়োজনীয় তথ্যাদি ইনপুট দিয়ে ফলাফল দেখতে পাবে। নিম্নে উল্লিখিত তারিখে নিশ্চায়ন পদ্ধতি অনুসরণপূর্বক ভর্তি নিশ্চায়ন ফি প্রদান করে নিশ্চায়ন সম্পন্ন করতে হবে। ভর্তি নীতিমালা-২০২৩ অনুযায়ী কার্য সম্পাদনের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

শিক্ষাক্রমভিত্তিক নিশ্চায়ন ফি:

ক্র নং	শিক্ষাক্রম	নিশ্চায়ন ফি	মন্তব্য
০১	ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং ও ডিপ্লোমা-ইন-মেরিন ইঞ্জিনিয়ারিং	৩৯৫	নিশ্চায়ন পদ্ধতি অনুসরণপূর্বক নিশ্চায়ন ফি প্রদান করলে ভর্তির প্রাথমিক নিশ্চায়ন সম্পন্ন হবে এবং নিশ্চায়ন ফি প্রদান করলে মোবাইলে মেসেজ যাবে এবং VIEW রেজাল্ট হতে নিশ্চায়নের অবস্থা জানা যাবে।
০২	ডিপ্লোমা-ইন-টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং, ডিপ্লোমা-ইন-এগ্রিকালচার, ডিপ্লোমা-ইন-ফরেস্ট্রি, ডিপ্লোমা-ইন-ফিশারিজ ও ডিপ্লোমা-ইন-লাইভস্টক	২৩৮	

ফলাফল, নিশ্চায়ন ও প্রতিষ্ঠানে ভর্তির তারিখ:

- ৬ষ্ঠ পর্যায়ের ফলাফল ০২/১১/২০২৩খ্রি. তারিখ সকাল ৯.০০ ঘটিকায় প্রকাশিত হবে। নির্বাচিত শিক্ষার্থীদের ০২/১১/২০২৩খ্রি. সকাল ১০.০০ ঘটিকা থেকে ০২/১১/২০২৩খ্রি. রাত ৯.০০ ঘটিকার মধ্যে নিশ্চায়ন সম্পন্ন করতে হবে। অন্যথায় Selection এবং আবেদন বাতিল বলে গণ্য হবে।
- ৭ম পর্যায়ের ফলাফল ০৪/১১/২০২৩খ্রি. তারিখ সকাল ৯.০০ ঘটিকায় প্রকাশিত হবে। নির্বাচিত শিক্ষার্থীদের ০৪/১১/২০২৩খ্রি. সকাল ১০.০০ ঘটিকা থেকে ০৪/১১/২০২৩খ্রি. রাত ৯.০০ ঘটিকার মধ্যে নিশ্চায়ন সম্পন্ন করতে হবে। অন্যথায় Selection এবং আবেদন বাতিল বলে গণ্য হবে।
- ৬ষ্ঠ ও ৭ম পর্যায়ের নিশ্চায়নকৃত শিক্ষার্থীদের স্ব স্ব শিক্ষা প্রতিষ্ঠানে মূল নম্বরপত্রসহ ভর্তির তারিখ ০৫/১১/২০২৩খ্রি.। উল্লিখিত সময়ের মধ্যে মূলনম্বরপত্রসহ স্ব স্ব প্রতিষ্ঠানে ভর্তি হতে ব্যর্থ হলে নিশ্চায়ন বাতিল বলে গণ্য হবে এবং উক্ত শিক্ষার্থী অনুপস্থিত হিসেবে বিবেচনা করা হবে। প্রতিষ্ঠান কর্তৃক অনুপস্থিত শিক্ষার্থীদের অনলাইনে তথ্য প্রেরণের তারিখ ০৬/১১/২০২৩খ্রি.। প্রতিষ্ঠানসমূহকে ভর্তিকৃত শিক্ষার্থী Confirmed List-এ রয়েছে কিনা তা নিশ্চিত হয়ে ভর্তি করতে হবে।
- ৮ম পর্যায়ের ফলাফল ০৮/১১/২০২৩খ্রি. তারিখ সকাল ৯.০০ ঘটিকায় প্রকাশিত হবে। নির্বাচিত শিক্ষার্থীদের ০৮/১১/২০২৩খ্রি. সকাল ১০.০০ ঘটিকা থেকে ০৮/১১/২০২৩খ্রি. রাত ৯.০০ ঘটিকার মধ্যে নিশ্চায়ন সম্পন্ন করতে হবে। অন্যথায় Selection এবং আবেদন বাতিল বলে গণ্য হবে।
- ৮ম পর্যায়ের নিশ্চায়নকৃত শিক্ষার্থীদের স্ব স্ব শিক্ষা প্রতিষ্ঠানে মূল নম্বরপত্রসহ ভর্তির তারিখ ০৯/১১/২০২৩খ্রি.। উল্লিখিত সময়ের মধ্যে মূলনম্বরপত্রসহ স্ব স্ব প্রতিষ্ঠানে ভর্তি হতে ব্যর্থ হলে নিশ্চায়ন বাতিল বলে গণ্য হবে এবং উক্ত শিক্ষার্থী অনুপস্থিত হিসেবে বিবেচনা করা হবে। প্রতিষ্ঠান কর্তৃক অনুপস্থিত শিক্ষার্থীদের অনলাইনে তথ্য প্রেরণের তারিখ ১২/১১/২০২৩খ্রি.। প্রতিষ্ঠানসমূহকে ভর্তিকৃত শিক্ষার্থী Confirmed List-এ রয়েছে কিনা তা নিশ্চিত হয়ে ভর্তি করতে হবে।

উল্লেখ্য অপেক্ষমান তালিকায় থাকা শিক্ষার্থীরা পছন্দক্রম পরিবর্তন করতে পারবে। তবে শিক্ষার্থীদের আর কোন মাইগ্রেশন হবে না।

সংযুক্তি: নিশ্চায়ন ফি প্রদান পদ্ধতি-০২ (দুই) পৃষ্ঠা।

(প্রকৌশলী মো: রকিব উল্লাহ)

পরিচালক (কারিকুলাম)

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।

স্মারক নং- ৫৭.১৭.০০০০.২০১.০১৮.২৩-৯৬(১০)

তারিখ: ২৯/১০/২০২৩খ্রি.

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১। সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা-১০০০।
- ০২। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর/কৃষি অধিদপ্তর/প্রাণি সম্পদ অধিদপ্তর/মৎস্য অধিদপ্তর/বস্ত্র অধিদপ্তর/বন অধিদপ্তর/বিএমইটি, ঢাকা। (বহুল প্রচার ও শিক্ষার্থীদের সুবিধার্থে বিজ্ঞপ্তিটি সংশ্লিষ্ট অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ০৩। উপ সচিব (কারিগরি-৩), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা-১০০০।
- ০৪-০৭। সচিব/পরিচালক/নিয়ন্ত্রক/পরিদর্শক/পরিচালক (শিল্প ও প্রশিক্ষণ সমন্বয়), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
- ০৮। অধ্যক্ষ, সকল সরকারি ডিপ্লোমা/সমমান পর্যায়ের প্রতিষ্ঠান।
- ০৯। সিস্টেম এ্যানালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা (বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।
- ১০। নথি।

(প্রকৌ. মোঃ ফারুক রেজা)

কারিকুলাম বিশেষজ্ঞ (দাখিল ভোক:)

ভর্তি শাখার দায়িত্বপ্রাপ্ত

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।